



পারমাণবিক সংকটের শঙ্কা, ইরানমুখী মার্কিন ‘ডুমসডে প্লেন’



ছবি: সংগৃহীত

ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনা বাড়ায় সম্ভাব্য পারমাণবিক সংঘাতের শঙ্কা বৃদ্ধি পেয়েছে। এ পরিস্থিতিতে মার্কিন ‘ডুমসডে প্লেন’গুলোর চলাচল তীব্র হয়ে গেছে। ব্রিটিশ ডেইলি মেইল জানিয়েছে, গত ২৮ ফেব্রুয়ারির পর থেকে ফ্লাইট ট্র্যাকিংয়ে ই-৬বি মার্কিন কৌশলগত বিমানের একাধিক উড্ডয়ন ধরা পড়েছে। ফ্লাইট বিশ্লেষণে দেখা গেছে, ২ মার্চ দুটি ই-৬বি বিশেষ মিশনে উড়ে। একটি মেক্সিকো উপসাগর উপকূল থেকে পাটুসেন্ট রিভার নেভাল এয়ার স্টেশন-এ নামে, অন্যটি অফুট এয়ার ফোর্স বেস থেকে উড়ে আবার সেখানেই ফিরে আসে। পরবর্তী তথ্য বলছে, আরও কিছু বিমান আটলান্টিক পেরিয়ে পারস্য উপসাগর-এর দিকে অগ্রসর হচ্ছে। পোস্টাগন আনুষ্ঠানিক মন্তব্য দেয়নি।

বিমানগুলো ‘ট্যাকামো’ মিশনের অংশ, যা যোগাযোগ ব্যবস্থা ধ্বংস হলেও পারমাণবিক কমান্ড চেইন সচল রাখে। মধ্যপ্রাচ্যে মার্কিন ঘাঁটি ও দূতাবাসে ক্ষেপণাস্ত্র হামলার পর এই ব্যবস্থার গুরুত্ব বেড়েছে। দীর্ঘ সময় আকাশে অবস্থান করতে পারার ক্ষমতার কারণে সংকট মুহূর্তে এই প্ল্যাটফর্মগুলো যুক্তরাষ্ট্রের সামরিক সক্ষমতার মূল স্তম্ভ হিসেবে কাজ করে।

১৯৮০-এর দশকে চালু হলেও ই-৬বি মার্কিন এখনো সবচেয়ে নির্ভরযোগ্য কৌশলগত বিমান। ২২ জন ক্রু নিয়ে প্রায় ৭ হাজার মাইল উড়তে পারে এবং টানা তিন দিন আকাশে থাকতে সক্ষম। ‘লুকিং গ্লাস’ মিশনের মাধ্যমে আন্তঃমহাদেশীয় ক্ষেপণাস্ত্র নিয়ন্ত্রণও করা হয়।

সূত্র: এল্লপ্রেস ট্রিবিউন